# সংযুক্তি-১ - বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪

**১ম কোয়ার্টার**

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

## নৈতিকতা কমিটি

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৩৮

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই - সেপ্টেম্বর, ২০২৩) এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

সূত্র: (যদি থাকে) ...

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই - সেপ্টেম্বর, ২০২৩) এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগামী ১২ জুলাই ২০২৩ তারিখ বুধবার ১০:৩০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে। নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-০৭-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
৩। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল;
৪। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল এবং
৫। ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ:**

উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৩৮/১ (৩)

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
২। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল এবং
৩। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

১১-০৭-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এ আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১২ জুলাই ২০২৩ |
| সভার সময় | ১০:৩০ ঘটিকা। |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)। |

গত ১২ জুলাই ২০২৩ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত উপমহাব্যবস্থাপক(স্থানীয় সংগ্রহ), উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এবং ব্যবস্থাপক(প্রশিক্ষণ)-কে শুভেচ্ছা জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে সভা করার বিষয় অন্তর্ভূক্ত আছে, যার ১ম কোয়ার্টারের সভাটি অদ্য অনুষ্ঠিত হচ্ছে। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে ৪০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে বলে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে আলোচনায় কোম্পানি-তে নতুন যোগদানকৃত কর্মকর্তাদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানবসম্পদ বিভাগ কর্তৃক বর্ণিত প্রশিক্ষণটি সেপ্টেম্বর-২০২৩ মাসের মধ্যেই বাস্তবায়ন করা সম্ভব হবে।

১.২। কমিটির সদস্য-সচিব সভায় উল্লেখ করেন যে, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার এর আওতায় ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ-বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা (এপিপি) কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে জনাব মোঃ রশিদুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ) সভাকে অবহিত করেন যে, এপিপি প্রস্তুতের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত কোম্পানির সকল ডিভিশন ও বিভাগ থেকে পাওয়া গেছে এবং নির্ধারিত সময় তথা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যেই ২০২৩-২০২৪ অর্থ-বছরের ক্রয়-পরিকল্পনা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা সম্ভব হবে। সভাপতি ২০২৩-২০২৪ অর্থ-বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা নির্ধারিত সময়ে প্রস্তুতপূর্বক কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করে বিষয়টি পেট্রোবাংলাকে যথাসময়ে প্রমাণকসহ অবিহত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে,শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এরপ্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ জোয়াদ আলী, উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) জানান যে, কর্মকর্তা/কর্মচারীদের ছুটি, পিআরএল এবং এফএসএ সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা ও কর্মচারীদের তার বিভাগ বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। সেবা প্রাপ্তি ও সেবার মান বিষয়ে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে। সভাপতি মহোদয় আলোচ্য সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১.৪। শুদ্ধাচার সংশ্লিষ্ট পেট্রোবাংলার একটি সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে, মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে আলোচনাশেষে ২০২৩-২০২৪ অর্থ-বছরেরর ১ম কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী শ্লোগান সম্বলিত লিফলেট তৈরি ও বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৫। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাহিরে অতিরিক্ত কার্যক্রম হিসেবে আরো একোয়ার্টারে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এবং জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ সিদ্ধান্ত :

২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে ৪০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদান করতে হবে।

২.২। কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা (এপিপি) প্রস্তুতপূর্বক ৩১ জুলাই ২০২৩ তারিখের কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

২.৩। ছুটি, পিআরএল এবং এফএসএ সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা ও কর্মচারীদের সেবা প্রদানশেষে সেবা প্রাপ্তি ও সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

২.৪। শুদ্ধাচার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী শ্লোগান সম্বলিত লিফলেট প্রস্তুতপূর্বক বিতরণ করতে হবে।

২.৫। বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এবং জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর এ অংশে পূর্ণ নম্বর পাওয়ার জন্য সচেষ্ট হতে কমিটির প্রতি বিশেষ তৎপরতা ও সচেতনতা প্রত্যাশা করেন। পরিশেষে ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪-০৭-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
২৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;
৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য];
৪। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল;
৫। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল এবং
৬। ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।



২৪-০৭-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

**ব্রাহ্মণবাড়িয়া - ৩৪০০**

## <u>নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী</u>

তারিখ : ১২ জুলাই ২০২৩

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ২। | উত্তম কুমার সরকার<br>মহাব্যবস্থাপক (অপারেশন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৩। | এম, কে, মাসুক<br>উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৪। | মোঃ রশীদুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক(স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল। | |
| ৫। | আবদুর রাজ্জাক খান<br>উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৬। | মোঃ জোয়াদ আলী<br>উপ-মহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল। | |
| ৭। | শুভঙ্কর কুমার সাহা<br>ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল। | |
| ৮। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (প্রশাসন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৯। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ১০। | | |

২য় কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫২

তারিখ: ৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩)-এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

সূত্র: (যদি থাকে) ...

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩)-এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অদ্য ২৩ অক্টোবর ২০২৩ তারিখ সোমবার ১৪:৩০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে। নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩-১০-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
৩। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল;
৪। উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা), বিজিএফসিএল এবং
৫। ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ:**

উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫২/১ (৩)

তারিখ: ৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
২। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল এবং
৩। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

২৩-১০-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

## বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ২৩ অক্টোবর ২০২৩ |
| সভার সময় | ১৪:৩০ ঘটিকা। |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)। |

গত ২৩ অক্টোবর ২০২৩ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক ( অক্টোবর - ডিসেম্বর, ২০২৩) সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (উপস্থিতির তালিকা)। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

**১.০ আলোচনা :**

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত উপমহাব্যবস্থাপক(নিরাপত্তা), উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এবং ব্যবস্থাপক(প্রশিক্ষণ)-কে শুভেচ্ছা জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে সভা করার বিষয় অন্তর্ভূক্ত আছে, যার ২য় কোয়ার্টারের সভাটি অদ্য অনুষ্ঠিত হচ্ছে। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। উপস্থিত সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাটি ডিসেম্বর-২০২৩ মাসের মধ্যে সুবিধাজনক সময়ে আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এ মোট ৮০ জন জনবলের (১ম কোয়ার্টারে ৪০ জন ও ৩য় কোয়ার্টারে ৪০ জন) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। কিন্তু প্রশিক্ষণার্থীর সংখ্যা মোট কর্মকর্তা-কর্মচারীর তুলনায় কম হয়েছে বলে পেট্রোবাংলা হতে জানানো হয় এবং কমপক্ষে ২০০ জন জনবল-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের পরামর্শ প্রদান করা হয়। এ কারনে ২য় কোয়ার্টারে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত না থাকলেও আনুমানিক ৬০ জন জনবল-কে প্রশিক্ষণ' প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানবসম্পদ বিভাগ কর্তৃক বর্ণিত প্রশিক্ষণটি ডিসেম্বর-২০২৩ মাসের মধ্যেই বাস্তবায়ন করা সম্ভব হবে।

১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে কর্ম-

পরিবেশ উন্নয়নের আওতায় নিরাপত্তা প্রহরীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ছায়েদুর রহমান, উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) জানান যে, কোম্পানির নিরাপত্তা প্রহরীদের দাপ্তরিক পোষাক কোম্পানি হতে সরবরাহ করা হয়। অধিকাংশ নিরাপত্তা প্রহরীর দাপ্তরিক পোষাক কোম্পানি হতে সরবরাহ করা হয়েছে, শুধুমাত্র নতুন যোগদানকৃত নিরাপত্তা প্রহরীর দাপ্তরিক পোষাক সরবরাহ করা বাঁকি রয়েছে, যা ডিসেম্বর-২০২৩ মাসের মধ্যে সরবরাহ করা সম্ভব হবে।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) জানান যে, কর্মকর্তা/কর্মচারীদের ছুটি, পিআরএল এবং এফএসএ সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা ও কর্মচারীদের সেবা প্রদানপূর্বক সেবা প্রাপ্তি ও সেবার মান বিষয়ে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে। সভাপতি মহোদয় আলোচ্য সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে লিপিবদ্ধ করা এবং যথাসময়ে তার কপি কমিটির সদস্য-সচিব এর নিকট প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১.৫। শুদ্ধাচার সংশ্লিষ্ট পেট্রোবাংলার একটি সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে, মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে আলোচনাশেষে ২০২৩-২০২৪ অর্থ-বছরেরর ২য় কোয়ার্টারে কোম্পানির গাড়ীর লগবই পরীক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়, যা ট্রান্সপোর্ট বিভাগ একটি কমিটি গঠনের মাধ্যমে সম্পাদন করবে।

**২.০ সিদ্ধান্ত :**

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভা আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।

২.২। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে আনুমানিক ৬০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদান করতে হবে।

২.৩। কোম্পানিতে নতুন যোগদানকৃত নিরাপত্তা প্রহরীগণের দাপ্তরিক পোষাক ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে সরবরাহ করতে হবে।

২.৪। ছুটি, পিআরএল এবং এফএসএ সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা ও কর্মচারীদের সেবা প্রদানশেষে সেবা প্রাপ্তি ও সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ ২০২৩-২০২৪ অর্থ-বছরের ২য় কোয়ার্টারের গাড়ীর লগবই পরীক্ষণ এর কাজটি যথাযথভাবে সম্পন্ন করে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর এ অংশে পূর্ণ নম্বর পাওয়ার জন্য সচেষ্ট হতে কমিটির প্রতি বিশেষ তৎপরতা ও সচেতনতা প্রত্যাশা করেন। পরিশেষে ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৩

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৗেশল, পেট্রোবাংলা;

৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য];
৪। উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল;
৫। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল;
৬। উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা), বিজিএফসিএল এবং
৭। ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।

১৫-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

ব্রাহ্মণবাড়িয়া - ৩৪০০

## নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ২৩ অক্টোবর ২০২৩

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ২। | উত্তম কুমার সরকার<br>মহাব্যবস্থাপক (অপারেশন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৩। | এম, কে, মাসুক<br>উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৪। | মোঃ ছায়েদুর রহমান<br>উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা), বিজিএফসিএল। | |
| ৫। | আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 23.10.2023 |
| ৬। | মোহাম্মদ মনিরুজ্জামান<br>উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) | |
| ৭। | শুভঙ্কর কুমার সাহা<br>ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল। | |
| ৮। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (প্রশাসন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৯। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ১০। | | |

৩য় কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

তারিখ: ৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪

বিষয়: **বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৪)-এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৪)-এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৮ জানুয়ারি ২০২৪ তারিখ বৃহস্পতিবার ১০:০০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে। নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-০১-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। উপমহাব্যবস্থাপক (এসটিআইসি), বিজিএফসিএল;
৩। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল এবং
৪। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ:**

উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :

১। ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৩। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল এবং
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

১৭-০১-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৮ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা। |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)। |

গত ১৮ জানুয়ারি ২০২৪ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর সভা কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (বিবেচ্য সংযুক্তি : Attendance Sheet সদয় দ্রষ্টব্য)। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

**১.০ আলোচনা :**

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ২য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এ মোট ৮০ জন জনবলের (১ম কোয়ার্টারে ৪০ জন ও ৩য় কোয়ার্টারে ৪০ জন) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। কিন্তু প্রশিক্ষণার্থীর সংখ্যা মোট কর্মকর্তা ও কর্মচারীর তুলনায় কম হয়েছে বলে পেট্রোবাংলা হতে জানানো হয় এবং কমপক্ষে ২০০ জন জনবল-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের পরামর্শ প্রদান করা হয়। এ কারনে ৩য় কোয়ার্টারে ৪০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও এর বিপরীতে ৫০ জন জনবল-কে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শুভঙ্কর কুমার সাহা, উপমহাব্যবস্থাপক(মানবসম্পদ) জানান যে, মানবসম্পদ বিভাগ কর্তৃক বর্ণিত প্রশিক্ষণটি ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে।

১.৩। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে, মর্মে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় উপস্থিত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাবা জেসমিন আক্তার, উপমহাব্যবস্থাপক(স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল) সভাকে অবহিত করেন যে, মার্চ-২০২৪ মাসের মধ্যে উক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি বাস্তবায়ন করা হবে।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাবা জোহরা আক্তার, উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কর্মকর্তা ও কর্মচারীদের পিআরএল এবং লীভ সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে নিয়মিতভাবে সংরক্ষণ করা হচ্ছে, যা ইতোমধ্যে ১ম ও ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

১.৫। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার ২০২৩-২০২৪ অর্থ-বছরের ১ম ত্রৈমাসিকে কোম্পানিসমূহের দাখিলকৃত বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়নের ফিডব্যাক সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভুক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভুক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে। এ বিষয়ে আলোচনাশেষে ২০২৩-২০২৪ অর্থ-বছরেরর ৩য় কোয়ার্টারে শুদ্ধাচার সংশ্লিষ্ট স্লোগান সম্বলিত "মোবাইল এন্ড পেন স্ট্যান্ড" প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৬। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাহিরে অতিরিক্ত কার্যক্রম হিসেবে আরো বর্তমান কোয়ার্টারে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল) এর শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০। সিদ্ধান্ত :**

২.১। মানব সম্পদ বিভাগ ৩য় কোয়ার্টারে ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে ন্যুনতম ৫০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

২.২। স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল বিভাগ কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি মার্চ-২০২৪ মাসের মধ্যে বাস্তবায়নশেষে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

২.৩। পিআরএল এন্ড লীভ বিভাগ "সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ" এর কাজটি ১ম ও ২য় কোয়ার্টারের ন্যায় ৩য় কোয়ার্টারেও অব্যাহত রাখবে এবং এর কপি যথাসময়ে নৈতিকতা কমিটিকে সরবরাহ করবে।

২.৪। নৈতিকতা কমিটি শুদ্ধাচার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী শ্লোগান সম্বলিত "মোবাইল এন্ড পেন স্ট্যান্ড" প্রস্তুত করবে।

২.৫। নৈতিকতা কমিটি সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল) এর শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিদর্শন করবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে সঠিকভাবে প্রতিবেদন প্রেরণ করতে হবে। তিনি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর এ অংশে পূর্ণ নম্বর পাওয়ার জন্য সচেষ্ট হতে কমিটির প্রতি বিশেষ তৎপরতা ও সচেতনতা প্রত্যাশা করেন। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-০২-২০২৪
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;

৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য];

৪। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল;

৫। উপমহাব্যবস্থাপক (এসটিআইসি), বিজিএফসিএল;

৬। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল এবং

৭। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।

০৪-০২-২০২৪
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

ব্রাহ্মণবাড়িয়া - ৩৪০০

## নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১৮ জানুয়ারি ২০২৪

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৮/১/২৪ |
| ২। | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 18.01.24 |
| ৩। | এম, কে, মাসুক<br>উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৮/১/২৪ |
| ৪। | আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 18.01.2024 |
| ৫। | জেসমিন আক্তার<br>উপমহাব্যবস্থাপক (স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল) | 18.01.24 |
| ৬। | শুভঙ্কর কুমার সাহা<br>উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল। | ১৮/০১/২০২৪ |
| ৭। | জোহুরা আক্তার<br>উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) | ১৮/০১/২০২৪ |
| ৮। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (প্রশাসন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৮/০১/২০২৪ |
| ৯। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৮.১.২৪ |
| ১০। | | |

৪র্থ কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিভাগ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.১০

তারিখ: ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল - জুন, ২০২৪)-এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল - জুন, ২০২৪)-এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অদ্য **১৫ এপ্রিল ২০২৪ তারিখ রবিবার ১৫:০০** ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে। নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-০৪-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। উপ-মহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল;
৩। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল এবং
৪। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ:**

উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.১০/১ (৩)

তারিখ: ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
২। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল এবং
৩। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

১৫-০৪-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল |
| সভার তারিখ | ১৫ এপ্রিল ২০২৪ |
| সভার সময় | ১৫:০০ ঘটিকা। |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)। |

গত ১৫ এপ্রিল ২০২৪ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৪) এর সভা কমিটির সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৪) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (বিবেচ্য সংযুক্তি : Attendance Sheet সদয় দ্রষ্টব্য)। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

**১.০ আলোচনা :**

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত কর্মকর্তাগণ-কে শুভেচ্ছা জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ৩য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন, ২০২৪) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে সভায় বিষদ আলোচনা হয় এবং উপস্থিত সদস্যগণ তাদের মতাত ব্যক্ত করেন। আলোচনাশেষে অংশীজন হিসেবে কোম্পানির ডেভেলপমেন্ট পার্টনারগণসহ পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিগণ এর অংশগ্রহণে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে হাইব্রিড মোডে সভা-টি আয়োজনের

বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এ মোট ৮০ জন জনবল-কে (১ম কোয়ার্টারে ৪০ জন ও ৩য় কোয়ার্টারে ৪০ জন) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। কিন্তু প্রশিক্ষণার্থীর সংখ্যা মোট কর্মকর্তা/কর্মচারীর তুলনায় কম হয়েছে বলে পেট্রোবাংলা হতে জানানো হয় এবং কমপক্ষে ২০০ জন জনবল-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের পরামর্শ প্রদান করা হয়। এ কারনে ৪র্থ কোয়ার্টারে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত না থাকলেও ৪০ জন জনবল-কে প্রশিক্ষণ' প্রদানের প্রয়োজন হয়। এ বিষয়ে আলোচনাশেষে মানবসম্পদ বিভাগের আয়োজনে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে বাখরাবাদ ফিল্ডে গিয়ে উক্ত ফিল্ডের ৪০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাবা জোহুরা আক্তার, উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, পিআরএল ও ছুটি সংক্রান্ত সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা/কর্মচারীদের-কে বিশেষ গুরুত্ব দেয়া হয় এবং সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত নিয়মিতভাবে রেজিস্ট্রারে যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। উক্ত রেজিস্ট্রারের কপি ইতোমধ্যে ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে, যা বর্তমান ৪র্থ কোয়ার্টারশেষেও প্রদান করা সম্ভব হবে।

১.৫। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার ২০২৩-২০২৪ অর্থ-বছরের ১ম কোয়ার্টারে কোম্পানিসমূহের দাখিলকৃত বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়নের ফিডব্যাক সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে। এ বিষয়ে আলোচনাশেষে ২০২৩-২০২৪ অর্থ-বছরেরর ৪র্থ কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নে কর্মকর্তা-কর্মচারিদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১' এর আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০। সিদ্ধান্ত :**

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টারের অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভা কোম্পানির ডেভেলপমেন্ট পার্টনারগণসহ পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিগণ এর অংশগ্রহণে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে হাইব্রিড মোডে আয়োজন করতে হবে।

২.২। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টারে মানবসম্পদ বিভাগের আয়োজনে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে বাখরাবাদ ফিল্ডে গিয়ে উক্ত ফিল্ডের ৪০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।

২.৩। পিআরএল এন্ড লীভ বিভাগ 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের ন্যায় বর্তমান ৪র্থ কোয়ার্টারেও অব্যাহত রাখবে এবং কোয়ার্টারশেষে এর কপি নৈতিকতা কমিটিকে সরবরাহ করবে।

২.৪। কোম্পানির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টারে কর্মকর্তা-কর্মচারিদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১' এর আলোকে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন যথাযথভাবে দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০৪-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল

তারিখ: ৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.১২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;
৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য];
৪। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল;
৫। উপমহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল;
৬। উপমহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল;
৭। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল এবং
৮। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।

১৯-০৪-২০২৪
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

**প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।**

## নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১৫ এপ্রিল ২০২৪

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫/৪/২০২৪ |
| ২। | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.4.24 |
| ৩। | এম, কে, মাসুক<br>উপমহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫/৪/২৪ |
| ৪। | আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.04.2024 |
| ৫। | মোঃ মাহবুবুর রহমান খান<br>উপমহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল। | 15.04.2024 |
| ৬। | মোঃ জোয়াদ আলি<br>উপমহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল। | 15/04/24 |
| ৭। | শুভঙ্কর কুমার সাহা<br>উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল। | ১৫/০৪/২৪ |
| ৮। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫/০৪/২৪ |
| ৯। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.4.24 |
| ১০। | মোঃ আসাদুজ্জামান<br>ব্যবস্থাপক (এসডি এড ভ্যাট) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.04.2024 |